



অবি লম্বে প্রকাশে র উদ্দেশ্য: 8/24/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে স্টেটের সব স্মৃতিসৌধ 'মহিলাদের সাম্য দিবস' উপলক্ষ্যে বেগুনি ও সোনালী আলোয় সাজানো হবে

*নিউ ইয়র্কের প্রথম মহিলা গভর্নর হিসেবে শপথ নেওয়ার পরে, পুরো স্টেট জুড়ে মহিলাদের সাম্যকে উদযাপন করার জন্য স্টেটের তেরোটি স্মৃতিসৌধকে এই আলো দিয়ে সাজানো হবে*

গভর্নর ক্যাথি হোচুল আজই ঘোষণা করেছেন যে 'মহিলাদের সাম্য দিবস' উপলক্ষ্যে পুরো নিউ ইয়র্ক জুড়ে তেরোটি স্মৃতিসৌধকে 24শে আগস্ট থেকে শুরু করে 26শে আগস্ট পর্যন্ত বেগুনি ও সোনালী আলো দিয়ে সাজানো হবে।

"নিউ ইয়র্ক মহিলাদের অধিকার নিয়ে আন্দোলনের পথিকৃৎ হয়ে থেকেছে যেখানে বিশিষ্ট অগ্রণীরা পুরো বিশ্ব জুড়ে মহিলাদের স্বাধীনতার পথ প্রস্তুত করতে নিরন্তর লড়াই তালিয়ে গেছেন," **গভর্নর হোচুল বলেন।** "আমি স্টেট অফ নিউ ইয়র্কের প্রথম মহিলা গভর্নর হতে পেরে সম্মানিত, আশা করব সব জায়গায় মহিলা ও মেয়েদের কাছে আমি এই বার্তাই পাঠাতে পারব যে তারা যা হতে চান তা হওয়া অসম্ভব কিছু নয়। এই বছর মহিলাদের সাম্য দিবসে, আমি প্রত্যেককে কাঁচের দেওয়াল ভেঙ্গে বেরিয়ে আসতে উৎসাহিত করব-মহিলারা অনেকটাই পথ অতিক্রম করেছেন ঠিকই, তবে এখনও অনেকটা পথ চলা বাকি।"

যে যে স্মৃতিসৌধ আলো দিয়ে সাজানো হবে তার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ
- কোসিউজকো ব্রিজ
- দ্য এইচ. কার্ল ম্যাককাল এসইউএনওয়াই ভবন
- স্টেট এডুকেশন ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস ভবন
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস-প্রধান গেট এবং এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (শুধু 24 ও 26 শে আগস্ট)
- "ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল-পার্সিং স্কোয়ার ভায়াদাক্ট
- আলবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে

- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
- MTA LIRR – পেন স্টেশনে ইস্ট এন্ড গেটওয়ে

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)